

বাংলাদেশে পর্যটন শিল্পে সাহায্য করবে আইএমএফ

- A Monitor Desk Report

Date: 28 January, 2026



ঢাকাঃ বাংলাদেশের পর্যটন খাতের অপার সম্ভাবনাকে কাজে লাগাতে এ শিল্পের বিকাশে আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ) সহায়তা করতে আগ্রহী বলে জানিয়েছেন প্রধান উপদেষ্টার বিশেষ দৃত লুৎফে সিদ্ধিকী।

সুইজারল্যান্ডের ডাভোসে অনুষ্ঠিত ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের সম্মেলনের ফাঁকে আইএমএফ প্রধানের সঙ্গে এক বৈঠকে বাংলাদেশকে এ আশ্বাস দেওয়া হয়েছে।

মঙ্গলবার (২৭ জানুয়ারি) রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানিয়েছেন প্রধান উপদেষ্টার বিশেষ দৃত।

গত সপ্তাহে ডাভোসে অনুষ্ঠিত সপ্তাহব্যাপী ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামে বাংলাদেশের অংশগ্রহণ এবং অভিজ্ঞতা বিনিময়ের লক্ষ্যে এই সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

এসময় প্রধান উপদেষ্টার প্রেস সচিব মোহাম্মদ শফিকুল আলমও উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে লুৎফে সিদ্ধিকী বলেন, “সৌদি আরব, মিশর ও সংযুক্ত আরব আমিরাত পর্যটন শিল্পে অনেক এগিয়ে গেছে। মিশরের পিরামিড আছে, কিন্তু সৌদি আরব বা দুবাইয়ের তা নেই। তবুও সঠিক পরিকল্পনার মাধ্যমে তারা পর্যটনে সাফল্য দেখিয়েছে।”

বাংলাদেশের সম্ভাবনা তুলে ধরে তিনি আরও বলেন, “আমাদের বাংলাদেশে রয়েছে সমৃদ্ধ প্রাকৃতিক সম্পদ। আমরা এই সম্পদকে সঠিকভাবে কাজে লাগাতে পারি। এই সম্ভাবনাকে বাস্তবে রূপ দিতে আইএমএফ আমাদের সহায়তা করতে রাজি আছে।”

ডাভোসে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের সম্মেলনের এক ফাঁকে লুৎফে সিদ্ধিকী আইএমএফের ব্যবস্থাপনা পরিচালক ও অন্যান্য প্রতিনিধিদের

সঙ্গে বৈঠক করেন। সেখানেই আন্তর্জাতিক এই সংস্থাটির পক্ষ থেকে বাংলাদেশকে সহায়তার বিষয়টি জানানো হয়।

-B